মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা ফোন : ০২৩৩৪৪০৬৪৩৮
website : www.comillaboard .gov.bd. E-mail : comillaboard@gmail.com

নং:- ৩০২ তারিখ: ১০/০৯/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডে কোনো রকম ভুল (নাম, জেন্ডার, ক্লাস রোল, ছবি, বিষয়) পরিলক্ষিত হলে, আগামী **১৩-০৯-২০২৬** তারিখ থেকে **০১-১০-২০২৬** তারিখের মধ্যে কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে (www.comillaboard.gov.bd) কলেজ কর্নারে দেওয়া লিঙ্কে কলেজের EIIN ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে প্রয়োজনীয় যাচাইয়ান্তে প্রতিষ্ঠান প্রধানের অনুমোদন ও প্রয়োজনীয় ফি পরিশোধ সাপেক্ষে সংশোধন করা যাবে। কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীদের নিকট থেকে ফি আদায় করে, শিক্ষার্থীর আবেদন এন্ট্রির পরে অনলাইনে ফি পরিশোধ করবে। উল্লেখ্য, নাম সংশোধনের ক্ষেত্রে এসএসসি-এর কাগজপত্রে নাম সংশোধন হওয়া সংক্রান্ত বোর্ডের পত্র/সংশোধিত অ্যাকাডেমিক ট্রান্সক্রিপ্ট/সনদের কপি অনলাইনে সাবমিট করতে হবে। কলেজে অনুমোদনহীন কোনো বিষয় সংশোধন করে দেওয়া যাবে না। রেজিস্ট্রেশন কার্ড সংশোধনের জন্য শিক্ষার্থীদের বোর্ডে আসার প্রয়োজন নেই।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১০/০৯/২০২৬

(প্রফেসর মোহাম্মদ সিপন মিয়া)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

অধ্যক্ষ
কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাভূক্ত স্কুল ও কলেজ এবং কলেজসমূহ

স্মারক নং-ক.প/সাধারণ নথি-২/৭৫৭(৪৭২)/২ তারিখ: ১০/০৯/২০২৬ খ্রি.

কার্যার্থে অনুলিপি:
১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কুমিল্লা শিক্ষাবোর্ড;
২. অফিস কপি

১০/০৯/২০২৬

(প্রফেসর মোহাম্মদ সিপন মিয়া)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা